



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

১৩৭-১৩৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

www.bscic.gov.bd



স্মারক নং: ৩৬.০২.২৬৭২.০০০.১৪.১২৩.১৫-২১/ ১৩৩৮৪

তারিখ: ০৫ মাঘ, ১৪২৭ ব.
১৯ জানুয়ারি, ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়নধীন 'চামড়া শিল্পনগরী, ঢাকা' প্রকল্পের সিইটিপি ও এর অঙ্গসমূহ পরিচালনার জন্য গঠিত 'Dhaka Tannery Industrial Estate Wastage Treatment Plant Company Limited' শীর্ষক কোম্পানীতে নিম্নোক্ত পদে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম ও বেতন/ভাতা	পদ সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	ব্যবস্থাপনা পরিচালক (এমডি) সর্বসাকুল্য বেতন- ২,৫০,০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা	১ জন	৫০-৬২ বছর	<ul style="list-style-type: none">স্বীকৃত দেশি/বিদেশি বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রী;সরকারি/বেসরকারি/আন্তর্জাতিক প্রতিষ্ঠানে উচ্চতর পদে ১৫ (পনেরো) বছরের কাজের অভিজ্ঞতা;প্রকল্প ব্যবস্থাপনা/প্রকল্প বাস্তবায়নে অভিজ্ঞতা;ইংরেজি ও আইটি বিষয়ে দক্ষতা;লেদার টেকনোলজী/পরিবেশ বিজ্ঞান/বর্জ্য ব্যবস্থাপনায় একাডেমিক ডিগ্রী ও অভিজ্ঞতা এবং পি.এইচ.ডি ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

২। শর্তাবলী:

- প্রার্থীকে চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক), ১৩৭-১৩৮, মতিঝিল বা/এ, ঢাকা বরাবরে আবেদন করতে হবে। আবেদনে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা (পেরীক্ষার নাম, পাসের সন, বোর্ড, বিভাগ/জিপিএসহ) এবং অভিজ্ঞতা উল্লেখ করতে হবে। প্রার্থীকে আবেদনপত্রে অবশ্যই ই-মেইল, মোবাইল/ফোন নম্বর উল্লেখ করতে হবে। ই-মেইল (chairman@bscic.gov.bd) এর মাধ্যমেও আবেদন করা যাবে;
- আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্র ও অভিজ্ঞতার সনদপত্র (সত্যায়িত ফটোকপি) ও সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। (মৌখিক সাক্ষাৎকার এর সময় সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার মূল সনদ অবশ্যই সাথে নিয়ে আসতে হবে);
- আবেদনের শেষ তারিখ: ৩১ জানুয়ারি, ২০২১ খ্রি। উল্লেখিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীর বয়সসীমা ৩১ জানুয়ারি, ২০২১ খ্রি. তারিখে ৫০-৬২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়। তবে অভিজ্ঞদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য;
- প্রার্থীকে অবশ্যই শারিরিক ও মানসিকভাবে পরিশ্রমী ও সুস্থ হতে হবে;
- ০১ (এক) বছরের জন্য চুক্তি ভিত্তিক নিয়োগ করা হবে এবং চাকরিকাল সন্তোষজনক হলে চুক্তির মেয়াদ ০৫ (পাঁচ) বছর পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে;
- চাকরির প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ বা শর্তাবলী অপূর্ণ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ/যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;
- সাক্ষাৎকার/পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(মোঃ মোশ্তাক হাসান, এনডিপি)

চেয়ারম্যান

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক), ঢাকা